



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরান বাজার
ঢাকা।



নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৫২৯.২০-১৬১

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ Jeddah International Trade Fair (JITE), Jeddah, KSA শীর্ষক মেলায় অংশগ্রহণ।

আগামী ২৩-২৫ ডিসেম্বর, ২০২০ সময়ে সৌদি আরব এর জেদ্দায় Jeddah International Trade Fair (JITE-2021) শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। মেলাটি Apparel & Leather Goods, Textiles & Fabrics, Light Industries, Interiors & Furnishings, Kitchens & Bathroom Equipment, Home Commodities & Appliances পণ্যের জন্য আলোচ্য মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে বিবেচনায় নিয়েছে।

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী অংশগ্রহণকারীগণকে ব্যুরোর নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদনপত্র পে-অর্ডার সহযোগে আগামী ২৫ আগস্ট ২০২০ ইং তারিখের মধ্যে মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। আবেদনপত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের ছকে উল্লেখিত ডকুমেন্টস আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারীদের জন্য বুথ সাইজ ০৯ বর্গমিটার, এর ভাড়া টাকা ৩,৬১,২০০/- (তিন লক্ষ একষট্টি হাজার দুইশত) মাত্র নির্ধারণ করা হয়েছে। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ব্যুরোর কন্স্ট শেয়ারিং নীতিমালা অনুযায়ী বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।

০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	'ক'	২০%
০২	০৫-১০	'খ'	৩৫%
০৩	০৫ এর নীচে	'গ'	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'ঘ'	৫০%

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	"ক"	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	"খ"	৫০%

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।

(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ-পরিচালক (মেলা ও প্রদর্শনী)

E-mail : amahepb75@gmail.com

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), হাউস- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা। info@bgmea.com.bd
- সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। info@bkmea.com
- সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল টাওয়ার লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিঃ, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাউথ কর্নার), ঢাকা। info@bttlmea.com.bd
- সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুড্‌স্‌ এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা।
- সভাপতি, বাংলাদেশ ক্রাফট, ৭-৯, কাওরান বাজার, বিটিএমসি ভবন, ঢাকা। ফোন: ৯১১৯০৯০, ই-মেইল: banglacr:ftbd@gmail.com